অপর মামলা নং ২০৪/২০১৭ (বোয়ালখালী)

উপস্থিত ঃ- মোঃ হাসান জামান, সিনিয়র সহকারী জজ,
বোয়ালখালী সহকারী জজ আদালত, পটিয়া , চট্টগ্রাম

আদেশ নং-

তারিখ-

অদ্য একতরফা আদেশের জন্য ধার্য আছে।

বাদীপক্ষ হাজিরা দাখিল করেন।

নথি আদেশের জন্য নেওয়া হলো।

নথি পর্যালোচনায় দেখা যায়, বাদী আরজি তফসিল বর্নিত নালিশী সম্পত্তিতে স্বত্ব এবং উক্ত সম্পত্তি সম্পর্কিত বি এস খতিয়ান ভুল ও অশুদ্ধভাবে রেকর্ড হয়েছে মর্মে দাবি করিয়া ঘোষনামূলক ডিক্রীর প্রার্থনায় **১-২৯** নং বিবাদীদের বিরুদ্ধে অত্র মামলা আনয়ন করেছেন।

১-২৯ নং বিবাদীর প্রতি সমন সঠিকভাবে জারি হলেও তারা অত্র মামলায় হাজির হতে ব্যর্থ হয়। যার প্রেক্ষিতে বিগত ২০/১১/২০১৮ ইং তারিখের ০৯ নং আদেশমূলে তাদের বিরুদ্ধে এক-তরফা শুনানীর জন্য ধার্য হয়।

অত্র মামলা প্রমানের জন্য বাদীপক্ষে **মোঃ ইলিয়াছ P.W.-1 ও বদিউল আলম P.W.2** হিসাবে সাক্ষ্য প্রদান করেছেন। বাদীপক্ষ দাবির সমর্থনে নিন্মবর্নিত কাগজাদি দাখিল করেন।

১। আর এস ২৫৬৩, ২৫৬৪ ও বি এস ২৬৮ ও ২৬৯ নং খতিয়ানের সি.সি প্রদ- ১ সিরিজ

২। ০৫/০৪/১৯২৮ ইং তারিখের ১০৯০ নং দলিলের সি.সি প্রদর্শনী- ২

৩। ০৬/১১/১৯৬৭ ইং তারিখের ৬১৯৫ নং কবলার সি.সি প্রদর্শনী- ৩

৪। ০৮/১২/১৯৭৫ ইং তারিখের ৮০৬৫ নং কবলার সি.সি প্রদর্শনী-৪

৫। ২৭/০৮/২০১৭ ইং তারিখের ২৪২৩ নং কবলার সি.সি প্রদর্শনী-৫

৬। ১৮/০৯/২০১৭ ইং তারিখের ২৬৪৫ নং কবলার সি.সি প্রদর্শনী-৬

৭। ২৬/১০/২০১৭ ইং তারিখের ৪৬ নং আম-মোক্তারনামার কপি প্রদর্শনী-৭

৮। খাজনার দাখিলা প্রদর্শনী-৮

**মোঃ ইলিয়াছ P.W.-1 ও বদিউল আলম P.W.2** এর গৃহীত জবানবন্দি, নথি ও দাখিলকৃত কাগজাদি (প্রদর্শনী ১-৮) দেখলাম এবং পর্যালোচনা করলাম। সার্বিক পর্যালোচনায় বাদীপক্ষের নালিশী খতিয়ানভুক্ত সম্পত্তিতে স্বত্ব, স্বার্থ ও দখল রহিয়াছে মর্মে প্রতীয়মান হয়।

এমতাবস্থায় বাদীপক্ষ অত্র মোকদ্দমা প্রমাণ করতে সক্ষম হয়েছে বলে আমি মনে করি। সুতরাং বাদীপক্ষ তাদের প্রার্থীত প্রতিকার পেতে হকদার।

প্রদত্ত কোর্ট ফি সঠিক।

অতএব,

আদেশ হয় যে,

ঘোষনামূলক ডিক্রীর প্রার্থনায় আনীত অত্র মোকদ্দমা ১-২৯ নং বিবাদীপক্ষের বিরুদ্ধে একতরফাসূত্রে বিনাখরচায় ডিক্রি হলো।

এই মর্মে ঘোষনা করা যাচ্ছে, নালিশী ১ ও ২ নং তফসিল বর্ণিত ভূমিতে বাদীর উত্তম ও অপরাজেয় স্বত্ব রহিয়াছে এবং উক্ত ভূমি সংশ্লিষ্ট বি.এস খতিয়ান বাদীর পূর্ববর্তীর বায়া আবদুল করিমের স্বত্বাংশ সঠিকভাবে লিপি না হয়ে বিবাদীগণ কিংবা তৎ পূর্ববর্তীর নাম ভুল ও অশুদ্ধভাবে লিপিবদ্ধ হইয়াছে, যা যথারীতি বে-আইনী ও অকার্যকর এবং উহা বাদীর উপর বাধ্যকর নয়।

আমার স্বহস্তে লিখিত ও সংশোধিত

**(মোঃ হাসান জামান)**
সিনিয়র সহকারী জজ
সহকারী জজ আদালত, বোয়ালখালী, চট্টগ্রাম

**(মোঃ হাসান জামান)**
সিনিয়র সহকারী জজ
সহকারী জজ আদালত, বোয়ালখালী, চট্টগ্রাম